# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১৩

তারিখঃ ২৮/১১/১৪২৯ বঙ্গাঃ
১৩/০৩/২০২৩ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা, বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা এর বিরুদ্ধে জনাব পপি আক্তার(২৫), পিতা-মোঃ মাইন উদ্দিন, গত ইং-২৯/১০/২০২০ তারিখে ঢাকা মেট্রোপলিটন আদালত নং-১৪, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, ঢাকা এর আদালতে দাখিলকৃত আর্জির প্রেক্ষিতে ২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনের ৮(১)/৮(২) ধারায় ডিএমপি এর ধানমন্ডি থানায় দায়েরকৃত এফআইআর ও অতিরিক্ত চীফ মেট্রেপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকায় চার্জশীট দাখিল এবং আদালত কর্তৃক চার্জশীট গৃহীত হওয়ার প্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থার প্রাথমিক পদক্ষেপ হিসেবে উক্ত অভিযোগের সত্যতা যাচাই পূর্বক দায় দায়িত্ব নিরূপণের জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১০০, তারিখঃ ২৭/০৯/২০২১ খ্রিঃ মোতাবেক ২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখিত পুলিশ প্রতিবেদনে তিনি প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করায় এবং তিনি উক্ত মামলায় জামিনপ্রাপ্ত আসামী হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) ও প্রবিধান-৬৮, বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি ৭৩ নোট ১ ও ২, তদানীন্তণ মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের ২১-০১-১৯৭৮ তারিখের ED(Reg-VI)S/123/78-115(500) নম্বর অফিস স্মারক, রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯/০২/১৯৮৯ তারিখের রাস/জানি(দুদ)/ঢা-১/(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নম্বর সার্কুলার এবং সরকারী চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১২৭, তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ এর মাধ্যমে জামিন প্রাপ্তির তারিখ অর্থাৎ ২১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। উল্লেখিত কর্মকর্তার বিরুদ্ধে প্রাথমিক তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তিনি দোষী সাব্যস্ত হওয়ায় এবং তার বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করায় তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর ৪৮(খ) ও (চ) অনুযায়ী অসদাচরণ ও প্রতারণার দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১৫, তারিখঃ ১৩/০১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। সূচিত কার্যধারায় উল্লেখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং অভিযোগনামাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ (১) (খ) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-৩৯, তারিখঃ ০৩/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। পরবর্তীতে জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহানগর দায়রা জজ কোর্ট, ঢাকা এর মেট্রো দায়রা মামলা নং-৩৬৭৩/২০২২ এর ওপর মহানগর দায়রা জজ, ঢাকা এর ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের আদেশনামার একখানি কপি সংযোজন করতঃ "সাময়িক বরখাস্তের আদেশনামা প্রত্যাহার পূর্বক স্বপদে পুনর্বহাল এবং বরখাস্তকালীন সময়কালকে পূর্ণ বেতনে কর্তব্যরত হিসেবে গণ্য করা প্রসঙ্গে" একখানি আবেদন করেন। কর্মকর্তার স্ব-ব্যাখ্যায়িত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিষয়ে মহামান্য আদালয়ের রায়ের কপি পর্যালোচনা করে দপ্তরে যোগদানের ব্যাপারে মতামতসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের প্রেক্ষিতে উক্ত কর্মকর্তার আবেদনের সাথে সংযুক্ত মহানগর দায়রা জজ, ঢাকা এর ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের আদেশনামার সার্টিফায়েড কপির সঠিকতা সম্পর্কে আইন বিভাগের মতামত গ্রহণ পূর্বক সঠিক পাওয়া যায়।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, উক্ত বিষয়ে বাপাউবোর্ডের আইন বিভাগের মতামত ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা পূর্বক মহানগর দায়রা জজ কোর্ট, ঢাকার মেট্রো: দায়রা মামলা নং-৩৬৭৩/২০২২ এর ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের আদেশে জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা'কে উক্ত মামলা হতে অব্যাহতি প্রদান করায় এবং বিভাগীয় মামলায় তিনি দোষী সাব্যস্ত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করতঃ তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে বাপাউবোর্ডের চাকুরীতে স্বপদে পুনর্বহাল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৬(২) এবং বি এস আর, পার্ট-১ এর বিধি ৭২(এ) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময় তিনি পূর্ণ বেতনে কর্মরত ছিলেন মর্মে গণ্য করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃপৃঃদ্রঃ

৫। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা'কে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান পূর্বক তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ বাপাউবোর্ডের চাকুরীতে স্ব-পদে পুনর্বহাল করা হলো এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৬(২) এবং বি এস আর, পার্ট-১ এর বিধি ৭২(এ) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময়কালে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলে গণ্য করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৩/০৩/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১৩(১৯)

তারিখঃ ২৮/১১/১৪২৯ বঙ্গাঃ
১৩/০৩/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ৪১০-৪১৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩. প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।
৪. সচিব, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা।
৭. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা (সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা)।
১১. উপ-সচিব (প্রশাসন), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
১২. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।
১৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

১৩/০৩/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
উপ-পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২৩০০৭৮

ডায়েরী নং ৩৪২ ❖ তারিখঃ ২৬/৩/২৩
প্রোগ্রামার ১/২ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
অফিস সহকারী ❖ নথিতে রাখুন
২৬/০৩/২০২৩ ❖ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E:\Bayzid\O.o duty on full pay\ME.doc